অতি জরুরী
জাতীয় সংসদ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং-৩৪.০০.০০০০.০৪৩.০৯.১২২.১৭-৩৬৩ তারিখ ঃ ০৫-০৬-১৪২৪ বঙ্গাব্দ / ২০-০৯-২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় ঃ ১০ম জাতীয় সংসদের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির দ্বিতীয় রিপোর্টে সন্নিবেশের জন্য ১৭তম বৈঠক হতে ৩০তম বৈঠক পর্যন্ত গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের সর্বশেষ অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।

সূত্র ঃ বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের পত্র নং-১১.০০.০০০০.৭০৮.৪০.০১২.১৭/১৯৩, তারিখ ঃ ০৬-০৮-২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থায়ী কমিটির দ্বিতীয় রিপোর্টে সন্নিবেশের জন্য ১৭তম বৈঠক হতে ৩০তম বৈঠক পর্যন্ত গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের সর্বশেষ অগ্রগতি প্রতিবেদন পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্ত ঃ ১৪ (চৌদ্দ) পাতা।

( মোঃ কামল উদ্দিন বিশ্বাস )
উপসচিব
ফোন ঃ ৯৫৭৫৫০৬

সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ ঃ কমিটি অফিসার, কমিটি শাখা-৮

স্মারক নং-৩৪.০০.০০০০.০৪৩.০৯.১২২.১৭-৩৬৩ তারিখ ঃ ২০-০৯-২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি ঃ

১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
২। সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

( মোঃ কামাল উদ্দিন বিশ্বাস )
উপসচিব

১০ম জাতীয় সংসদের যুব ও ক্রীড়া মন্ত্রণালয সম্পর্কিত স্থায়ী কমিটির ১৭তম বৈঠক হতে ৩০তম বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতির বিবরনঃ

| বৈঠক অনুষ্ঠানের তারিখ | বৈঠকের কার্যক্রম | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১৩ জানুয়ারী' ২০১৬ | ১৭তম বৈঠক | (ক) চাঁদপুর শহরের আউটার স্টেডিয়ামের মধ্য দিয়ে রাস্তা নির্মাণ সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মতামতসহ চাঁদপুর জেলা স্টেডিয়ামের রেকর্ড ও মালিকানা সংক্রান্ত কাগজপত্র/প্রতিবেদন এবং স্টেডিয়ামের বিভিন্ন দিকের স্থির চিত্র ও ভিডিও আগামী সভায় উপস্থাপন করা; | ক) জেলা স্টেডিয়ামের রেকর্ড ও মালিকানা সংক্রান্ত কাগজপত্র/প্রতিবেদন এবং স্টেডিয়ামের বিভিন্ন দিকের স্থির চিত্র ও ভিডিও সংসদীয় স্থায়ী কমিটির সভায় উপস্থাপন করা হয়েছে। |
| | | (খ) আলোচ্যসূচিতে যে ফেডারেশন/বোর্ড এর কার্যক্রম আলোচনার জন্য অন্তর্ভূক্ত থাকবে সে ফেডারেশন/বোর্ড এর সভাপতি ও সাধারণ সম্পাদককে সভাগুলোতে উপস্থিত থাকার বিষয়টি নিশ্চিত করা; | (খ) স্থায়ী কমিটির সভায় আলোচনার জন্য অন্তর্ভূক্ত ফেডারেশন/সংস্থার সভাপতি ও সাধারণ সম্পাদককে সভায় উপস্থিত রাখার ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। |
| | | (গ) উপজেলা মিনি স্টেডিয়াম নির্মাণ প্রকল্পের কাজ অগ্রাধিকার ভিত্তিতে শুরু করা; | গ) উপজেলা মিনি স্টেডিয়াম নির্মাণ প্রকল্পের আওতায় ১ম পর্যায়ে ১৩১টি উপজেলায় মিনি স্টেডিয়াম নির্মাণের কাজ চলছে। প্রকল্পের মেয়াদ আগামী জুন'২০১৮তে শেষ হবে। অবশিষ্ট উপজেলাগুলোকে ২য় পর্যায়ে অন্তর্ভুক্ত করে প্রকল্প প্রণয়ন করা হবে। |
| | | (ঘ) গাজীপুরের টঙ্গীস্থ শহীদ আহসান উল্লাহ মাষ্টার স্টেডিয়ামটিতে এলাকার জনগণ যাতে তাদের চাহিদা অনুযায়ী খেলাধুলা করতে পারে সে ব্যবস্থা গ্রহণের নিমিত্তে বাংলাদেশ আরচ্যারী ফেডারেশনকে জাতীয় ক্রীড়া পরিষদ থেকে চিঠি দেয়ার ব্যবস্থা করা; | (ঘ) এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ আরচ্যারী ফেডারেশনকে গত ১০/০২/২০১৬ তারিখ জাতীয় ক্রীড়া পরিষদের ৩৪.০৩.০০০০.০০৪.০৬.০০৪-২০১৫-৪০৬ নম্বর স্মারকের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছে |
| | | (ঙ) ৯ম জাতীয় সংসদের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি কর্তৃক গৃহীত যে সমস্ত সিদ্ধান্ত বাস্তবায়ন হয়নি সেগুলোর অগ্রগতি পৃথকভাবে আগামী সভায় অবহিত করা; | (ঙ) ৯ম জাতীয় সংসদে ৩১৬টি মধ্যে ৩০২টি সিদ্ধান্ত বাস্তবায়ন হয়েছে। বাকী ১৪টি বাস্তবায়নাধীন রয়েছে। |
| | | (চ) কক্সবাজার, পূর্বাচল এবং গোপালগঞ্জ ৩টি স্টেডিয়াম পরিদশর্ন করার নিমিত্ত খুব শিঘ্রই তারিখ নির্ধারণ করা; | চ) প্রযোজ্য নয় |
| | | (ছ) বিগত দুই বছরে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অগ্রগতি ও সাফল্য অর্জনের জন্য স্থায়ী কমিটির পক্ষ থেকে মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন ও ধন্যবাদ জ্ঞাপন করা। | (ছ) ----- |
| ২৩ ফেব্রুয়ারী ২০১৬ | ১৮তম বৈঠক | (ক) সাউথ এশিয়া গেমস এ পদক প্রাপ্ত সকলকে স্থায়ী কমিটির পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা ; | (ক) ----- |
| | | (খ) বঙ্গবন্ধু গোল্ডকাপ এবং বঙ্গমাতা ফলিলেতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রতিযোগিতায় বিজয়ী দলসহ সংশ্লিষ্ট সকলকে স্থায়ী কমিটি পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা ; | (খ) ----- |

| | | | |
|---|---|---|---|
| | | (গ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক নির্মিত কোন স্টেডিয়ামে কোন স্থাপনা নির্মাণ করতে হলে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও জাতীয় ক্রীড়া পরিষদ হতে জেলা ক্রীড়া সংস্থা কর্তৃক পূর্বানুমতি নিতে হবে ; | (গ) নির্দেশনা অনুযায়ী পূর্বানুমতি গ্রহণ করা হচ্ছে। |
| | | (ঘ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১ম বৈঠক হতে ১৬তম বৈঠক পর্যন্ত গৃহীত সিদ্ধান্তসমূহের সমন্বয়ে একটি রিপোর্ট মহান জাতীয় সংসদে উপস্থাপন করা; | **(ঘ) অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করে** গত ১৬/৩/২০১৬ তারিখে ৩৪.০১.০০০০.০২৫. ৪৩.০১৪.১৫-৫১ নং পত্রে উপস্থাপনের নিমিত্ত প্রেরণ করা হয়েছে। |
| | | (ঙ) গাজীপুরের টঙ্গীস্থ শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়ামটি মন্ত্রণালয়ের কর্মকর্তা কর্তৃক সরজমিনে পরিদর্শন করে একটি প্রতিবেদন স্থায়ী কমিটির আগামী বৈঠকে উপস্থাপন করা; | (ঙ) গাজীপুরের টঙ্গীস্থ শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়ামটি পরিদর্শন করা হয়েছে। নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় উন্নয়ন কাজের জন্য একটি ডিপিপি প্রস্তুতের প্রক্রিয়া চলমান রয়েছে। |
| | | (চ) ৯ম জাতীয় সংসদের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি কর্তৃক গৃহীত যে সমস্ত সিদ্ধান্তসমূহ এখনও বাস্তবায়ন হয়নি সেগুলোর অগ্রগতি স্থায়ী কমিটির আগামী বৈঠকে অবহিত করা; | **(চ) ৯ম জাতীয় সংসদের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি কর্তৃক গৃহীত যে সমস্ত সিদ্ধান্তসমূহ এখনও বাস্তবায়ন হয়নি সেগুলোর অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।** |
| | | (ছ) Poverty Map সম্পর্কে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক মন্ত্রিপরিষদ সভায় একটি প্রস্তাবনা উপস্থাপন করা ; | (ছ) Poverty Map এর মাধ্যমে কোন উপজেলায় ন্যাশনাল সার্ভিস কর্মসূচি নেয়া হবে তা নির্ধারণ করা হয়। কিন্তু যে তথ্য উপাত্তার মাধ্যমে Poverty Map তৈরী করা হেয়েছে বাস্তবাতার সাথে অনেক সময় মিল পাওয়া যায়না। বিষয়টি নিয়ে অনেক সিনিয়র মন্ত্রীরা আপত্তি জানিয়েছেন। তাই Poverty Map সার্ভের কাজটি পরিবর্তনের বিষয়ে মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক মন্ত্রিপিরিষদ সভায় একটি প্রস্তাবনা উপস্থাপনের অপেক্ষায় রয়েছে। |
| | | (জ) স্থায়ী কমিটির সদস্যগণের নির্বাচনী এলাকায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি কর্তৃক গৃহীত বিভিন্ন উন্নয়ন কার্যক্রম সম্পর্কে স্থায়ী কমিটির মাননীয় সংসদ- সদস্যদেরকে অবহিত করা; | (জ) স্থায়ী কমিটি কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রম সম্পর্কে স্থায়ী কমিটির মাননীয় সদস্যবৃন্দকে অবহিত করা হয়ে থাকে। |
| | | (ঝ) কক্সবাজার, পূর্বাচল ও গোপালগঞ্জ স্টেডিয়াম পরিদর্শনের নিমিত্ত সংসদ সচিবালয় সুবিধাজনক সময়ে পরিদর্শন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা; | (ঝ) সংসদ সচিবালয় পরিদর্শনের সময়সূচী গ্রহণ করলে মন্ত্রণালয় প্রয়োজনীয় সহায়তা করবে। |
| | | (ঞ) যুব উন্নয়ন অধিদপ্তরের অধীনে প্রশিক্ষণপ্রাপ্ত যুবক ও যুব মহিলাদের নাম, ঠিকানা ও ছবিসহ জেলাপর্যায়ে একটি রেজিস্টার সংরক্ষণ করা এবং তার একটি তালিকা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা করা; এবং | (ঞ) যুব উন্নয়ন অধিদপ্তরের অধীনে প্রশিক্ষণ প্রাপ্ত যুবক এবং যুব মহিলাদের নাম, ঠিকানা ও ছবি জেলা পর্যায়ের রেজিষ্টারে সংরক্ষণ করা হচ্ছে। এ ছাড়া শুরু থেকে এ পর্যন্ত যে প্রশিক্ষণ (প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক) দেয়া হয়েছে তার প্রশিক্ষণার্থীদের তথ্যাদি সংরক্ষণ করতে বলা হয়েছে। উল্লেখ্য শুরু থেকে এ পর্যন্ত যুব উন্নয়ন অধিদপ্তর হতে ৫২,০৩,৩৪৩ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |

| | | | |
|---|---|---|---|
| | | (ট) ''জাতীয় যুব নীতিমালা'' সম্পর্কে আলোচনার সুবিধার্থে ''জাতীয় যুব নীতিমালা''র কপি স্থায়ী কমিটির আগামী বৈঠকে উপস্থাপন করা। | (ট)জাতীয় যুব নীতিমালা ২৭-০২-২০১৭ তারিখে মন্ত্রিসভা কর্তৃক অনুমোদিত হয়েছে। এবং পরবর্তীতে ২২-০৪-২০১৭ তারিখে গেজেট আকারে প্রকাশিত হয়েছে। |
| ২৯ মার্চ ২০১৬ | ১৯তম বৈঠক | (ক) সুইমিং ফেডারেশনের ইলেক্ট্রনিক স্কোরবোর্ডে স্থাপনের বিষয়টি দ্রুত সম্পন্ন করা এবং সুইমিং ফেডারেশনের সমস্যাগুলো জরুরী ভিত্তিতে সমাধানের ব্যবস্থা করা; | (ক) সুইমিং ফেডারেশনের ইলেক্ট্রনিক স্কোরবোর্ডে স্থাপনের বিষয়টিসহ সুইমিং ফেডারেশনের সমস্যাগুলোকে কেন্দ্র করে ''মিরপুর সৈয়দ নজরুল ইসলাম সুইমিং কমপ্লেক্সের অধিকতর উন্নয়ন'' শীর্ষক একটি প্রকল্প ১১০৩.১৭ লক্ষ টাকা ব্যয়ে জুন'২০১৮ মেয়াদে গত ২৩-০৭-২০১৭ তারিখে অনুমোদিত হয়েছে। উক্ত প্রকল্পের কাজসমূহ বাস্তবায়নের লক্ষ্যে ই-জিপি পদ্ধতিতে দরপত্র আহবান প্রক্রিয়াধীন রয়েছে। |
| | | (খ) ৯ম জাতীয় সংসদের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি কর্তৃক গৃহীত মোট ৩১৬টি সিদ্ধান্তের মধ্যে ৩০২টি সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন হওয়ায় স্থায়ী কমিটির পক্ষ থেকে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়সহ অধীনস্ত সকল সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদেরকে ধন্যবাদ জ্ঞাপন; | (খ) প্রযোজ্য নয় |
| | | (গ) জাতীয় যুব নীতিমালা চুড়ান্ত করার পূর্বে জরুরী ভিত্তিতে একটি ওয়ার্কশপ সম্পন্ন করা; | (গ) ওয়ার্কশপ হয়েছে। |
| | | (ঘ) "যুব কল্যাণ তহবিল বিল, ২০১৬" পরীক্ষা-নিরীক্ষা করার জন্য ০৬/০৪/০২০১৬ তারিখ দুপুর ১.৩০ ঘটিকায় স্থায়ী কমিটির বৈঠক করা এবং ঐ দিন বিকাল ৪-০০ ঘটিকায় ঢাকার অদূরে পূর্বাচলে নির্মিতব্য স্টেডিয়াম প্রকল্প এলাকা পরিদর্শন করা; এবং | (ঘ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ০৬ এপ্রিল, ২০১৬ তারিখের ২০তম বৈঠকের গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী রহিত করে **যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬** গত ১৯ জুলাই, ২০১৬ তারিখ মহান সংসদে পাশ হয় এবং বাংলাদেশ গেজেটে ২৬ জুলাই, ২০১৬ তারিখে অতিরিক্ত সংখ্যায় **যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ (২০১৬ সনের ৩৩নং আইন)** প্রকাশিত হয়। তদনুযায়ী উক্ত আইন মোতাবেক বর্তমানে যুবকল্যাণ তহবিলের কার্যক্রম চলমান রয়েছে। |
| | | (ঙ) শহীদ আহসান উল্লাহ মাষ্টার স্টেডিয়াম সকাল ৬.০০টা থেকে ৯.০০টা পযন্ত স্থানীয় খেলোয়াড়দের জন্য উন্মুক্ত রাখা এবং স্টেডিয়ামের পূর্ব পার্শ্বের খালি মাঠ স্থানীয় সাধারণ খেলোয়াড়দের জন্য উন্মুক্ত রাখা। এলাকাবাসী কোন টুর্ণামেন্ট আয়োজন করলে আরচ্যারী ফেডারেশন দৈনন্দিন কাযক্রম বন্ধ রাখাসহ স্টেডিয়াম ভবনের নীচতলা খালি রাখা এবং স্টেডিয়ামে খেলাধুলার জন্য স্পোর্টস ক্যালেন্ডার তৈরী করা, যাতে সেখানে সারা বৎসর এনএসসি'র মাধ্যমে খেলাধুলা হতে পারে সে বিষয়টি নিশ্চিত করা; | (ঙ) সংসদীয় স্থায়ী কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ আরচ্যারী ফেডারেশনকে গত ০৪/০৫/২০১৬ তারিখে পত্রের মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করে কমিটির ২০তম বৈঠকে যথাযথভাবে অবহিত করা হয়েছে। |
| | | (চ) মানিকগঞ্জ স্টেডিয়াম নির্মাণ প্রকল্পের কাজ দ্রুত শুরু করা। | (চ)ফিজিবিলিটি স্ট্যাডির TOR প্রণয়ন করা হয়েছে। **ফিজিবিলিটি স্টার্ডির পর ডিপিপি তৈরী করার নিয়ম** |
| ০৬ এপ্রিল ২০১৬ | ২০তম বৈঠক | (ক) ''যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬'' বিল পুংখানুপংখরূপে পরীক্ষা-নিরীক্ষা করে স্থায়ী কমিটি কর্তৃক সংশোধিত আকারে চুড়ান্ত করা এবং | (ক) ইতোমধ্যে সংসদে বিলটি পাশ হয়েছে। |

| | | | |
|---|---|---|---|
| | | (খ) ঢাকার অদূরে পূর্বাচল স্টেডিয়াম নির্মান কাজ দ্রুত আরম্ভ করা। | (খ) ঢাকার অদূরে পূর্বাচল স্টেডিয়াম নির্মাণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে ফিজিবিলিটি স্ট্যাডি প্রকল্পের জন্য বুয়েট কর্তৃক TOR চূড়ান্ত করা হয়েছে। ফিজিবিলিটি স্ট্যাডির পর ডিপিপি তৈরী করার নিয়ম। |
| ১৭ মে ২০১৬ | ২১তম বৈঠক | (ক) মানিকগঞ্জ জেলায় নির্মিতব্য ক্রিকেট স্টেডিয়ামের নাম মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নামে নামকরণ করা এবং এ নামেই এর কার্যক্রম পরিচালনা করা; | (ক) প্রকল্প গ্রহণকালে মানিকগঞ্জ জেলায় নির্মিতব্য ক্রিকেট স্টেডিয়ামের নাম মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নামে নামকরণ করা এবং এ নামেই এর কার্যক্রম পরিচালনা করার ব্যবস্থা নেয়া হবে। |
| | | (খ) বাংলাদেশ শরীরগঠন ফেডারেশনের বাজেট বরাদ্দ বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করা। | (খ) দেশব্যাপী ক্রীড়া সংস্থা সমূহের মঞ্জুরীখাতে সরকার কর্তৃক বরাদ্দ বৃদ্ধি করা সাপেক্ষে অন্যান্য ফেডারেশনের ন্যায় শরীর গঠন ফেডারেশনের বাজেট বরাদ্দ বৃদ্ধি সক্রিয় বিবেচনাধীন রয়েছে। |
| | | (গ) ৪৯তম এএফবিএফ এশিয়ান বডিবিল্ডিং এন্ড ফিটনেস চ্যাম্পিয়নশীপ-২০১৫ এ বাংলাদেশ ব্রোঞ্জ পদক অর্জন করায় স্থায়ী কমিটির পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা; | (গ) প্রযোজ্য নয় |
| | | (ঘ) "শেখ হাসিনা জাতীয় যুব প্রশিক্ষণ কেন্দ্র"-এ কর্মরত মোট ৫৩ জন কর্মকর্তা ও কর্মচারীকে রাজস্ব খাতভুক্ত করায় মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা এবং এর সফল উদ্যোগ গ্রহণ করায় মাননীয় প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন সিকদারকে আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করা; | (ঘ) প্রযোজ্য নয় |
| | | (ঙ) "শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রটি আন্তর্জাতিক মানের করার বিষয়ে শেখ হাসিনা ইনস্টিটিউট অব ইয়থ ডেভেলপমেন্ট" করার যে প্রস্তাবনা সেটির কাজ দ্রুত সম্পন্ন করা; | (ঙ)শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র, সাভার, ঢাকা-কে ইনস্টিটিউটে উন্নীত করার লক্ষে নীতিগতভাবে অনুমোদিত ও ভেটিংকৃত খসড়া 'শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট (Sheikh Hasina National Institute of Youth Development) আইন, ২০১৭" এর চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত খসড়া সার-সংক্ষেপ মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপনের জন্য শীঘ্রই মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ হয়েছে। |
| | | (চ) ঢাকার অদূরে পূর্বাচল স্টেডিয়াম নির্মাণের কাজ যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক সম্পন্ন করা; | (চ) ঢাকার অদূরে পূর্বাচল স্টেডিয়াম নির্মাণের কাজ যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক সম্পন্ন করার বিষয়টি আলোচনাধীন আছে। |
| | | (ছ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি কর্তৃক গঠিত ১নং সাব-কমিটির প্রতিবেদন মূল কমিটি কর্তৃক গৃহীত হয় এবং পরবর্তী বৈঠকে উক্ত প্রতিবেদনের উপর আলোচ্যসূচি দিয়ে আলোচনা করা; এবং | (ছ) আলোচনা হয়েছে। |
| | | (জ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি কর্তৃক গঠিত ১নং সাব-কমিটির সুপারিশ অনুযায়ী সাভারস্থ বিকেএসপির বেইলম্যান হ্যাংগার ব্যবহার উপযোগী করার নিমিত্তে কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদার প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়নে ৫৯,৭৮,০০০/- (উনষাট লক্ষ আঠাত্তর হাজার) টাকার কাজ করিয়ে নেয়া | (জ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি কর্তৃক গঠিত ১নং সাব-কমিটির সুপারিশ অনুযায়ী সাভারস্থ বিকেএসপির বেইলম্যান হ্যাংগার ব্যবহার উপযোগী করার নিমিত্তে কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদার প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়নে ৫৯,৭৮,০০০/- (উনষাট লক্ষ আটাত্তর হাজার) টাকার কাজ করিয়া নেয়া |

| | | | |
|---|---|---|---|
| | | এবং এ কাজ বিকেএসপি ও এনএসসি কর্তৃক বুঝে নেয়ার ব্যবস্থা করা। | এবং এ কাজ বিকেএসপি ও এনএসসি কর্তৃক বুঝে নেয়া হয়েছে। |
| ২৬ জুন ২০১৬ | ২২তম বৈঠক | (ক) জাতীয় সংসদ সচিবালয়ের এসপিসিপিপি প্রকল্পের আওতধীন বিএপিপিডি প্রকল্পের যুব উন্নয়ন সাব-কমিটির সদস্যগনের সমন্বয়ে উপস্থাপিত তথ্যের আলোকে পরবর্তীতে যে কোন সভায় করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করা; | (ক) ------ |
| | | (খ) সাভারস্থ বিকেএসপিতে স্নাতক শ্রেণী চালু রাখা এবং কারাত, তায়কোয়ানডো ও উশুর মত খেলাগুলো বন্ধ না করা; | (খ) সাভারস্থ বিকেএসপিতে স্নাতক শ্রেণী চালু রাখা হয়েছে।<br>কারাত, তায়কোয়ানডো ও উশুর মত খেলাগুলো চালু আছে। |
| | | (গ) বিকেএসপিতে পরিবেশিত ক্যান্টিনের খাবারের মান আরও উন্নয়ন করা ও Continental food এবং ওয়েস্টার্ন ফুড সরবরাহ করা, সাভারস্থ বিকেএসপির ছাত্রাবাসের প্রয়োজনীয় সংস্কার, পরিষ্কার ও পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করা, বিকেএসপির ক্যান্টিনের খাবারের অপশন বাড়ানো, মাঝে মাঝে মিষ্টি ও আইসক্রিম সরবরাহ করা,ভাতের পরিবর্তে মাঝে মধ্যে কাবাব এবং নানরুটি সরবরাহ করা; | (গ) সিদ্ধান্ত বাস্তবায়ন হয়েছে। |
| | | (ঘ) বিকেএসপি'র ক্রীড়া কর্মকান্ডে গতিশীলতা আনার জন্য ক্রীড়া সামগ্রী সংগ্রহের নিমিত্ত দেশের খ্যাতনামা প্রতিষ্ঠান/সংস্থা, বিভিন্ন দেশের এ্যামব্যাসী থেকে সুবিধা নেয়া বা তাদের নিমন্ত্রণ করা, বড় কর্পোরেট হাউজকে অন্তর্ভূক্ত করা, বিকেএসপিতে ডাটাবেস সফটওয়ার চালুর ব্যবস্থা করা, বিকেএসপিতে ক্রিকেটে আসন সংখ্যা বৃদ্ধির ব্যবস্থা করা; | (ঘ) সিদ্ধান্ত বাস্তবায়ন হয়েছে। |
| | | (ঙ) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রকৌশলীর প্রতিবেদনের ভিত্তিতে সাভারস্থ বেইলম্যান হ্যাঙ্গারটি ব্যবহার উপযোগী করার নিমিত্তে কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক নিজ খরচে সর্বমোট ৫৯.৭৮ লক্ষ (উনষাট লক্ষ আটাত্তর হাজার) টাকায় প্রাক্কলনে উল্লিখিত কাজগুলো সম্পাদন করবে এবং প্রতিবেদনে উল্লিখিত অবশিষ্ট কাজগুলো পরবর্তিতে সম্পন্ন করে হ্যাঙ্গারটি ব্যবহার উপযোগী করতে হবে; | (ঙ) ১৯ অক্টোবর, ২০১৬ মাসের শেষের দিকে বিকেএসপির ইন্ডোর হ্যাঙ্গার নির্মাণক্রুটিসমূহ মেরামতের কাজ শেষ করে হ্যাঙ্গারটি ব্যবহার উপযোগী করা হয়েছে। |
| | | (চ) যে সকল ঠিকাদার প্রতিষ্ঠান বেইলম্যান হ্যাঙ্গার নির্মাণ করেছেন ভবিষ্যতে তাদেরকে কালো তালিকাভূক্ত কারার বিষয়ে বিবেচনার জন্য অনুরোধ করা; | (চ) বেইলম্যান হ্যাঙ্গার নির্মাণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের সমস্যা ছিল না, সমস্যা ছিল নকশা প্রণয়নকারী প্রতিষ্ঠানের। এই জন্য নকশা প্রণয়নকারী প্রতিষ্ঠানকে কালো তালিকাভূক্ত করা হয়েছে। |
| | | (ছ) বিকেএসপিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর পেশনের বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ছ) অর্থ বিভাগের গত ০৫-০৯-২০১৭ তারিখের ২৩১ নং স্মারকের মাধ্যমে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের (বিকেএসপি) কর্মকর্তা/ কর্মচারীদের আনুতাষিক প্রথার পরিবর্তে পেনশন প্রথা চালু করণে অর্থ বিভাগ অসম্মতি জ্ঞাপন করছেন। |

| | | | |
|---|---|---|---|
| | | (জ) রংপুর জেলার সদর ইউনিয়নের নয়া পুকুর গ্রামের ক্ষুদে নারী ফুটবল খেলোয়াড়দের জন্য ড্রেসিং রুম ও প্রশিক্ষণের নিমিত্ত কক্ষ নির্মাণের জন্য অর্থ বরাদ্দ করার পাশাপাশি ক্রীড়া পরিষদ থেকে প্রশিক্ষণের ব্যবস্থা করা; | (জ) রংপুর জেলার সদর ইউনিয়নের নয়া পুকুর গ্রামের ক্ষুদে নারী ফুটবল খেলোয়াড়দের জন্য ড্রেসিং রুমসহ খেলার মাঠ নির্মাণের লক্ষ্যে একটি প্রকল্প করা হয়েছে এবং প্রকল্পটি বাস্তবায়ধীন। |
| | | (ঝ) নেত্রকোনা জেলার কলসিন্দুর গ্রামের মহিলা ফুটবল খেলোয়াড়দের জন্য ড্রেসিং রুমসহ খেলার মাঠ নির্মাণের ব্যবস্থা করা; এবং | (ঝ) নেত্রকোনা জেলার কলসিন্দুর গ্রামের মহিলা ফুটবল খেলোয়াড়দের জন্য ড্রেসিং রুমসহ খেলার মাঠ নির্মাণের লক্ষ্যে একটি প্রকল্প করা হয়েছে এবং প্রকল্পটি বাস্তবায়ধীন। |
| | | (ঞ) গত বৈঠকে আলোচ্যসূচী ভূক্ত (ঘ) ও (ঙ) সম্পর্কে পরবর্তী বৈঠকে আলোচ্যসূচীতে অন্তর্ভূক্ত করে আলোচনা করা ; | (ঞ) -------- |
| ১৪ আগষ্ট | ২৩তম বৈঠক | (ক) বিকেএসপির বেইলম্যান হ্যাঙ্গার নির্মাণের নিমিত্ত নকশা প্রণয়নকারী প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট তদারককারী ব্যক্তিগণের অবহেলার বিষয়টি নিশ্চিত করণের জন্য স্থায়ী কমিটি কর্তৃক গঠিত ১নং সাব কমিটি অধিকতর তদন্ত করবে ; | (ক) বিকেএসপির বেইলম্যান হ্যাঙ্গার নির্মাণের নকশা প্রণয়নকারী প্রতিষ্ঠানেসহ সংশ্লিষ্ট তদারককারী ব্যক্তিগণের অবহেলার বিষয়টি নিশ্চিত করণের জন্য স্থায়ী কমিটি কর্তৃক গঠিত ১নং সাব কমিটি অধিকতর তদন্ত করেছে। |
| | | (খ) "শেখ হাসিনা জাতীয় যুব প্রশিক্ষণ কেন্দ্রে"- কর্মরত মোট ৫৩ জন কর্মকর্তা ও কর্মচারীকে রাজস্বখাতভুক্ত করায় মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা এবং এ সম্পর্কে সফল উদ্যোগ গ্রহণ করায় মাননীয় প্রতিমন্ত্রী, উপমন্ত্রী, স্থায়ী কমিটির মাননীয় সভাপতি ও সদস্যবৃন্দ এবং মন্ত্রণালযের সচিবসহ যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জ্ঞাপন করা ; | (খ) -------- |
| | | (গ) বিকেএসপিতে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের পেনশনের বিষয়ে সর্বশেষ অগ্রগতি প্রতিবেদন আগামী সভায় অবহিত করা ; | (গ) অর্থ বিভাগের গত ০৫-০৯-২০১৭ তারিখের ২৩১ নং স্মারকের মাধ্যমে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের (বিকেএসপি) কর্মকর্তা/ কর্মচারীদের আনুতাষিক প্রথার পরিবের্ত পেনশন প্রথা চালু করণে অর্থ বিভাগ অসম্মতি জ্ঞাপন করছেন। |
| | | (ঘ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় জঙ্গিবাদ ও সন্ত্রাসের বিরুদ্ধে বিভিন্ন কর্মসূচি গ্রহণের নিমিত্ত বিভাগ থেকে শুরু করে এর আওতাধীন সংস্থা/ফেডারেশনের মাধ্যমে জেলা, উপজেলায় বিস্তৃত করবে। উক্ত কর্মসূচিগুলোর মধ্যদিয়ে সন্ত্রাস এবং জঙ্গিবাদ প্রতিরোধে জনসচেতনা বৃদ্ধির ক্ষেত্রে মন্ত্রণালয়ের আরও অনেক বেশী ভূমিকা পালন করা; | (ঘ) মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থা সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা, জেলা ও বিভাগীয় ক্রীড়া সংস্থার খেলাধূলা, ফেষ্টুন/প্লাকার্ড সহকারে র‌্যলীর ব্যবস্থা করা হয়েছে।<br><br>সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে যুব উন্নয়ন অধিদপ্তর ২০১৬-২০১৭ অর্থবছরে যুব উন্নয়ন অধিদপ্তরের নিবন্ধিত ১৭,৮০০টি বেসরকারী স্বেচ্ছাসেবী যুব সংগঠনের মাধ্যমে জেলা ও উপজেলা পর্যায়ে সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে ১,০৫৫টি সেমিনার আয়োজন করা হয়েছে।<br><br>গত ০২.০৮.২০১৬ তারিখে সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে কেন্দ্রীয়ভাবে জাতীয় ক্রীড়া পরিষদ মিলনায়তনে শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র, কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্র এবং যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ের যৌথ |

| | | | |
|---|---|---|---|
| | | | আয়োজনে কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং বিভিন্ন যুব সংগঠনের নেতৃবৃন্দ ও সদস্যদের নিয়ে মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর-এর সভাপতিত্বে এক সেমিনার অনুষ্ঠিত হয়। তাছাড়া গত ১৭/০৬/২০১৭ তারিখে যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষে জঙ্গিবাদ প্রতিরোধে যুবসমাজের করণীয় শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। |
| | | (ঙ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০১৫-২০১৬ অর্থ বছরের বরাদ্দকৃত থোক বরাদ্দের বিভাজনের তালিকা, শতকরা কত ভাগ কাজ হয়েছে তার প্রতিটি হিসাব বা পরিসংখ্যান পৃথকভাবে আগামী সভায় উপস্থাপন করা ; | (ঙ) ২০১৫-১৬ অর্থ বছরে নির্মাণ, সংস্কার ও উন্নয়ন কর্মসূচির আওতায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অনুকূলে মোট ১৩ টি কর্মসূচির বিপরীতে ৫৯৬৪.৩২ লক্ষ টাকা থোক বরাদ্দ প্রদান করা হয়। উক্ত বরাদ্দের মধ্যেঃ<br><br>১) নির্মাণ, সংস্কার ও উন্নয়ন সংক্রান্ত ১০টি প্রকল্পের অনুকূলে মোট ৪৪৫৪.৩২ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয় এবং<br><br>২) তৃণমূল পর্যায় হতে বাছাইকৃত প্রতিভাবান খেলোয়াড়দের প্রশিক্ষণ সংক্রান্ত ০৩টি প্রকল্পের অনুকুরে মোট ১৫১০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়। |
| | | (চ) আগামী ১লা নভেম্বর যুব দিবসের অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতি নিশ্চিত করণের বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা। | (চ) মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিতি ছিলেন। |
| ১৭ অক্টোবর ২০১৬ | ২৪তম বৈঠক | (ক) জাতিসংঘ থেকে 'প্লানেট ফিফ্‌টি-ফিফ্‌টি চ্যাম্পিয়ন' এবং 'এজেন্ট অব চেইঞ্জ অ্যাওয়ার্ড' প্রাপ্তিতে জাতির জনক বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা, গণতন্ত্রের মানসকন্যা, মাননীয় প্রধানমন্ত্রী ও জননেত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জ্ঞাপন ; | (ক) |
| | | (খ) সুশাসনে আইসিটি ফর ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ড অর্জন করায় মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও প্রযুক্তি বিষয়ক মাননীয় উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ জয়কে অভিনন্দন জ্ঞাপন; | (খ) ------- |
| | | (গ) অনুর্দ্ধ-১৮ এশিয়া কাপ হকিতে রানার্সআপ হওয়া, ওয়ানডে ক্রিকেটে শততম ম্যাচে বাংলাদেশের জয় লাভ, অনুর্দ্ধ-১৬ এএফসি মহিলা ফুটবল টুর্নামেন্টে বাছাইপর্বে বাংলাদেশের মেয়েরা চ্যাম্পিয়ন হওয়ায় খেলোয়ার এবং সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জ্ঞাপন; | (গ) ------ |
| | | (ঘ) ভবিষ্যতে যে কোন স্টেডিয়াম বা ক্রীড়া সম্পর্কিত সকল স্থাপনার নক্সা যাতে আধুনিক সুযোগ-সুবিধা সম্পন্ন, সৌন্দর্যময় ও দৃষ্টিনন্দন হয়, সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা; | (ঘ) ভবিষ্যতে যে কোন স্টেডিয়াম বা ক্রীড়া সম্পর্কিত সকল স্থাপনার নক্সা যাতে আধুনিক সুযোগ-সুবিধা সম্পন্ন, সৌন্দর্যময় ও দৃষ্টিনন্দন হয়, সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ করে প্রকল্প গ্রহণ করা হচ্ছে। |
| | | (ঙ) 'যুবনীতি' বর্তমান ২০১৬ সনের এর মধ্যে যাতে প্রণয়ন করা হয় সে বিষয়ে গৃহীত কার্যক্রমের | (ঙ) ফেব্রুয়ারি, ২০১৭ মাসে জাতীয় যুবনীতিমালা গেজেট আকারে প্রকাশনা |

| | | | |
|---|---|---|---|
| | | গতি বৃদ্ধি করা; | হয়েছে। |
| | | (চ) কমিটি বৈঠকে হকি ফেডারেশনের সভাপতি ও সাধারণ সম্পাদক অনুপস্থিত থাকা সম্পর্কে তদন্ত পূর্বক একটি প্রতিবেদন আগামী বৈঠকে অবহিত করা; | (চ) সভাপতি ও সাধারণ সম্পাদক ২৩-১১-২০১৬ তারিখে ব্যাখ্যা চাওয়া হলে তার ব্যাখ্যা দেন এবং তা অবহিত করা হয়েছে। |
| | | (ছ) যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক ক্লাব এবং সংগঠন রেজিস্ট্রেশনের অগ্রগতি বিষয় সম্পর্কে আগামী সভায় আলোচনা করা ; | (ছ) যুব সংগঠন রেজিস্ট্রেশন সংক্রান্ত বিধি ইতোমধ্যে প্রণীত হয়েছে রেজিস্ট্রেশন সংক্রান্ত কার্যক্রম জুলাই ২০১৭ হতে শুরু করা হয়েছে। |
| | | (জ) অক্টোবর, ২০১৬ মাসের শেষের দিকে অথবা সুবিধাজনক সময়ে বিকেএসপি'র ইন্ডোর হ্যাঙ্গার নির্মাণত্রুটিসমূহ মেরামতের কাজ সরজমিনে পরিদর্শন করা; | (জ) ১৯ অক্টোবর, ২০১৬ মাসের শেষের দিকে বিকেএসপির ইন্ডোর হ্যাঙ্গার নির্মাণত্রুটিসমূহ মেরামতের কাজ সরজমিনে পরিদর্শন করা হয়েছে। |
| | | (ঝ) ১ নভেম্বর অনুষ্ঠিতব্য যুব দিবসের অনুষ্ঠানে স্থায়ী কমিটির মাননীয় সদস্যদের উপস্থিতি নিশ্চিত করা; এবং | (ঝ) গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে। |
| | | (ঞ) কার্যপত্র অবশ্যই বৈঠকের নূন্যতম ৩ (তিন) দিন পূর্বে স্থায়ী কমিটির মাননীয় সদস্যদের নিকট প্রেরণ নিশ্চিত করা। | (ঞ) যথাযথ ব্যবস্থা নেয়া হয়েছে। |
| ৩০ নভেম্বর ২০১৬ | ২৫তম বৈঠক | (ক) আত্মকর্মী হিসাবে সমাজে সফল বা জাতীয় যুব পুরস্কার প্রাপ্তদেরকে জেলা/উপজেলার বিভিন্ন অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো এবং তাদের সাফল্যের বিষয়গুলো অন্যান্যদের জানানোর ব্যবস্থা করা; | (ক) ব্যবস্থা নেয়া হয়েছে |
| | | (খ) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে পরবর্তী বৈঠকে আলোচনা করা; | (খ) আলোচনা হয়েছে। |
| | | (গ) এনএসসির পুরাতন ভবনের জায়গায় বিভিন্ন ফেডারেশনের জন্য পর্যাপ্ত প্রশিক্ষণের জায়গার ব্যবস্থাসহ সকল সুবিধাদি সম্বলিত পূর্ণাঙ্গ কমপ্লেক্স ভবন নির্মাণ করার ব্যবস্থা গ্রহণ করা ; | (গ) এনএসসির পুরাতন ভবনের জায়গায় বিভিন্ন ফেডারেশনের জন্য পর্যাপ্ত প্রশিক্ষণের জায়গার ব্যবস্থাসহ সকল সুবিধাদি সম্বলিত পূর্ণাঙ্গ কমপ্লেক্স ভবন নির্মাণ করার লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। |
| | | (ঘ) নির্মিতব্য ক্রীড়া পরিষদ ভবনে জিমন্যাস্টিক্স ফেডারেশনের জন্য স্বতন্ত্র জায়গা এবং বাজেট বরাদ্দ বৃদ্ধির ব্যবস্থা করা; | (ঘ) নির্মিতব্য ক্রীড়া পরিষদ ভবনে জিমন্যাস্টিকস ফেডারেশনের জন্য স্বতন্ত্র জায়গার ব্যবস্থা করা হবে। ক্রীড়া সংস্থাসমূহের মঞ্জুরী খাতে সরকার কর্তৃক বরাদ্দ বৃদ্ধি সাপেক্ষে অন্যান্য ক্রীড়া ফেডারেশনের ন্যায় জিমন্যাষ্টিকস ফেডারেশনের বাজেট বরাদ্দ বৃদ্ধি করা সক্রিয় বিবেচনাধীন রয়েছে। |
| | | (ঙ) পুরাতন জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, পূর্বাচল ক্রীড়া কমপ্লেক্স ও কক্সবাজার স্টেডিয়াম এর চূড়ান্ত নক্শা অনুমোদনের পূর্বে তা স্থায়ী কমিটিতে আলোচনার জন্য উপস্থাপন করা ; | (ঙ) পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নকশা পাওয়ার পর তা চূড়ান্ত অনুমোদনের পূর্বে স্থায়ী কমিটিতে আলোচনার জন্য উপস্থাপন করা হবে। |
| | | (চ) ২০১৫ সাল পর্যন্ত জাতীয় যুব পুরস্কারপ্রাপ্ত যুব ও যুব মহিলাদের টেলিফোন ও ই-মেইল সম্পৃক্ত করে তালিকা চূড়ান্ত করা। | (চ) যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় ২০১৫ সাল পর্যন্ত জাতীয় যুব পুরস্কারপ্রাপ্ত যুবক ও যুবমহিলাদের একটি তালিকা প্রণয়ন করা |

| | | | |
|---|---|---|---|
| | | | হয়েছে। এই তালিকাটি সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী টেলিফোন ও ই-মেইল সম্পৃক্ত করে হালনাগাদ করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ইতোমধ্যে গত ১৮/১২/২০১৬ তারিখে ৩৪.০১.০০০০.০২৫. ৪৩.০১৪.১৫-২৭৫ নং পত্রে শুরু হতে ২০১৫ সাল পর্যন্ত জাতীয় যুব পুরস্কারপ্রাপ্ত যুবক ও যুবমহিলাদের তথ্য প্রেরণ করা হয়েছে। |
| ২২ ডিসেম্বর ২০১৬ | ২৬তম বৈঠক | (ক) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি উপজেলা মিনি স্টেডিয়াম নির্মাণ প্রকল্প অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নসহ যুব প্রশিক্ষণ কেন্দ্র, কমপ্লেক্স প্রভৃতি বিষয়গুলোর অবশিষ্ট কার্যক্রম দ্রুত সম্পন্ন করা ; | (ক) ১৩১টি মিনি স্টেডিয়ামের নির্মাণ কাজ বাস্তবায়নাধীন। বর্তমানে কাজের অগ্রগতি ৪০% । |
| | | (খ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, এনএসসি এবং স্টেডিয়ামের দোকান মালিক সমিতিসহ ত্রি-পক্ষীয় বৈঠক করে দোকান ভাড়া বৃদ্ধির ব্যবস্থা করবে ; | (খ) দোকান ভাড়া বৃদ্ধির করা হয়েছে। |
| | | (গ) জেলা-উপজেলায় যুব ও ক্রীড়া সম্পর্কিত যে কোন অনুষ্ঠান বা উন্নয়নমূলক কোন কর্মকাণ্ডে সংশ্লিষ্ট এলাকার স্থায়ী কমিটির মাননীয় সংসদ সদস্যকে উক্ত কর্মকান্ডের বিষয়ে সম্পৃক্ত/অবহিত রাখার বিষয়টি নিশ্চিত করা ; | **(গ) যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা এবং উপজেলা কার্যালয় কর্তৃক পরিচালিত/গৃহীত সকল অনুষ্ঠান এবং উন্নয়নমূলক কর্মকান্ডে সংশ্লিষ্ট এলাকার যুব ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সংসদ সদস্যগণ-কে নিয়মিত অবহিত করা হয়।** |
| | | (ঘ) পুর্বাচল কক্সবাজার ও এনএসসি এর নতুন ভবন নির্মাণের নশকা আগে সংসদীয় কমিটিতে উপস্থাপন করা; এবং | (ঘ) পরার্শক প্রতিষ্ঠান কর্তৃক নকশা পাওয়ার পর তা চুড়ান্ত অনুমোদনের পূর্বে স্থায়ী কমিটিতে উপস্থাপন করা হবে। |
| | | (ঙ) জেলা-উপজেলার যুব ও ক্রীড়া সংক্রান্ত কার্যক্রম নিবিড়ভাবে তদারকী করার নিমিত্ত যুব উন্নয়ন অধিদপ্তরের বিভাগীয় কার্যালয় চালু করা। | (ঙ) মন্ত্রণালয় হতে ৯/৮/২০১৭ তারিখে ৭৪৮ নং স্মারকে এর মাধ্যমে প্রেরিত অধিদপ্তরের প্রস্তাব মোতাবেক বিভাগীয় কার্যালয় স্থাপনের নিমিত্ত ১৯২টি পদ সৃষ্টির প্রস্তাব ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। |
| ২৪ জানুয়ারী ২০১৭ | ২৭তম বৈঠক | (ক) স্থায়ী কমিটির মাননীয় সদস্যগণের নিকট প্রেরণের নিমিত্ত কার্যপত্র অবশ্যই বৈঠকের শুরু ৩(তিন) দিন পূর্বে সংসদ সচিবালয়ে প্রেরণ করতে হবে ; | (ক) নির্দেশনা মোতাবেক ব্যবস্থা নেয়া হচ্ছে। |
| | | (খ) ক্রীড়া পরিদপ্তর কর্তৃক আয়োজিত বার্ষিক ক্রীড়া/কর্মসূচির কতটুকু বাস্তাবায়ন হয়েছে তার বিস্তারিত প্রতিবেদন আগামী বৈঠকে উপস্থাপন করা; | (খ) ১০ম জাতীয় সংসদের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ২৮তম বৈঠকে ক্রীড়া পরিদপ্তর কর্তৃক আয়োজিত বার্ষিক ক্রীড়া কর্মসূচির পূর্ণাঙ্গ প্রতিবেদন উপস্থাপন করা হয়েছে। |
| | | (গ) ক্রীড়া পরিদপ্তর কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচিসহ গৃহীত ক্রীড়া কার্যক্রম সম্পর্কে স্থানীয় মাননীয় সংসদ সদস্যগণকে অবহিত করা ; | (গ) সিদ্ধান্ত মোতাবেক ক্রীড়া পরিদপ্তর কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচিসহ গৃহীত ক্রীড়া কার্যক্রম সম্পর্কে স্থানীয় মাননীয় সংসদ সদস্যগণকে নিয়মিত অবহিত করা হয়। |
| | | (ঘ) ক্রীড়া পরিদপ্তর কর্তৃক সরবরাহকৃত ক্রীড়া সামগ্রীর মান যথাযথ বজায় রাখা; | (ঘ) ক্রীড়া পরিদপ্তর কর্তৃক সরবরাহকৃত ক্রীড়া সামগ্রী মূল্যায়ন কমিটি কর্তৃক যাচাইপূর্বক গত অর্থ বৎসরের ক্রয়কৃত ক্রীড়া সামগ্রীর মান যথাযথ বজায় রাখা হয়েছে। |
| | | (ঙ) বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের | (ঙ) ফাউন্ডেশনের সিডমানি বৃদ্ধির লক্ষ্যে ১০০ |

| | | | |
|---|---|---|---|
| | | উন্নয়নের বিষয়ে আরো পদক্ষেপ গ্রহণ করা; | কোটি টাকা বরাদ্দের জন্য মাননীয় প্রধানমন্ত্রী সমীপে সার-সংক্ষেপ প্রেরণ করা হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয় হতে কিছু তথ্য চেয়ে সার-সংক্ষেপটি ফেরত দেন। প্রধানমন্ত্রীর কার্যালয় হতে অর্থ মন্ত্রণালয়ের মতামত চেয়ে ফেরত দেন। এ বিষয়ে অর্থ বিভাগের মতামত প্রদান জন্য পত্র দেয়া হয়। কিন্তু অদ্যাবধি মতামত পাওয়া যায়নি। |
| | | চ) বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের সিডমানি বৃদ্ধির জন্য তড়িৎ উদ্যোগ গ্রহন করা; | (চ) CSR এর মাধ্যমে এ পর্যন্ত ৬০.০০(ষাট লক্ষ) টাকা সংগ্রহ করা হয়েছে। |
| | | (ছ) বাংলাদেশ রোইং ফেডারেশনের জন্য হাতির ঝিলে একটি সেড নির্মাণ, রোইং বোট এবং আর্থিক বরাদ্দ বৃদ্ধির ব্যবস্থা করা। | (ছ) রাজউক থেকে অনুমতি পাওয়া গেলে সেড নির্মাণ, রোইং বোটের ব্যবস্থা করা সম্ভব হবে। |
| ১৫ মার্চ ২০১৭ | ২৮তম বৈঠক | (ক) মাত্র ১৬ বছর ৫ মাস সময়ে ১০০তম ক্রিকেট টেস্ট খেলার যোগ্যতা অর্জন করা এবং ১০০তম টেস্টে শ্রীলঙ্কাকে পরাজিত করায় ক্রিকেট দলকে স্থায়ী কমিটির পক্ষ থেকে অভিনন্দন জ্ঞাপন ; | (ক) ------ |
| | | (খ) গাজীপুর শহীদ বরকত স্টেডিয়ামের সংস্কার কাজের সর্বশেষ অগ্রগতি সরজমিনে পরিদর্শন করে এনএসসির সচিব আগামী বৈঠকে একটি প্রতিবেদন উপস্থাপন করবেন; | (খ) গাজীপুর শহীদ বরকত স্টেডিয়ামের সংস্কার কাজের সর্বশেষ অগ্রগতি সরজমিনে পরিদর্শন করে এনএসসির সচিব বৈঠকে একটি প্রতিবেদন উপস্থাপন করা হয়েছে। গাজীপুর শহীদ বরকত স্টেডিয়াম কে পূর্নাঙ্গ স্টেডিয়ামে রূপান্তরের জন্য একটি নতুন প্রকল্প প্রণয়ন প্রক্রিয়াধীন রয়েছে। |
| | | (গ) স্টেডিয়াম নির্মাণ সংক্রান্ত বিষয়ে বিদেশ সফরে কী কী অভিজ্ঞতা হয়েছে, পূর্বাচল স্টেডিয়াম নির্মাণে উক্ত অভিজ্ঞতা কী ধরণের ভূমিকা রাখবে এ সম্পর্কে স্থায়ী কমিটির আগামী বৈঠকে একটি প্রতিবেদন উপস্থাপন করা; | গ) স্টেডিয়াম নির্মাণ সংক্রান্ত বিষয়ে বিদেশ সফরে কী কী অভিজ্ঞতা হয়েছে, পূর্বাচল স্টেডিয়াম নির্মাণে উক্ত অভিজ্ঞতা কী ধরণের ভূমিকা রাখবে এ সম্পর্কে স্থায়ী কমিটির বৈঠকে একটি প্রতিবেদন উপস্থাপন করা হয়েছে। |
| | | (ঘ) জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান নিয়মিতকরণ প্রসঙ্গে মন্ত্রণালয় কর্তৃক গঠিত সংশ্লিষ্ট উপ-কমিটির কার্যক্রম সম্পর্কে বিস্তারিতভাবে আগামী বৈঠকে অবহিতকরণ ; এবং | (ঘ) বিস্তারিত অবহিত করা হয়েছে । |
| | | (ঙ) ১ম পর্বে টেন্ডারকৃত ১৩১টি মিনি স্টেডিয়াম নির্মাণ কাজ ত্বরান্বিত করা। | (ঙ) উপজেলা মিনি স্টেডিয়াম নির্মাণের লক্ষ্যে ১ম পর্বে টেন্ডারকৃত ১৩১টি মিনি স্টেডিয়াম নির্মাণ কাজ ত্বরান্বিত করা হয়েছে। বর্তমাণে কাজ চলমান। |
| ১৮ এপ্রিল ২০১৭ | ২৯তম বৈঠক | (ক) শহীদ বরকত স্টেডিয়ামের কাজের সর্বশেষ অগ্রগতি সম্পর্কে আগামী বৈঠকে অবহিত করা ; | (ক) শহীদ বরকত স্টেডিয়ামের কাজের সর্বশেষ অগ্রগতি সম্পর্কে সংসদীয় স্থায়ী কমিটিকে অবহিত করা হয়েছে। এবং উক্ত স্টেডিয়ামকে পূর্নাঙ্গ স্টেডিয়ামে রূপান্তরের জন্য একটি নতুন প্রকল্প প্রণয়ন প্রক্রিয়াধীন রয়েছে। |
| | | (খ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, যুব উন্নয়ন অধিদপ্তর এবং জাতীয় ক্রীড়া পরিষদের সকল নির্মাণ কাজে পিপিএসহ সরকারি সকল বিধি-বিধান অনুসরণ করা ; | (খ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, যুব উন্নয়ন অধিদপ্তর এবং জাতীয় ক্রীড়া পরিষদের সকল নির্মাণ কাজে পিপিএসহ সরকারি সকল বিধি-বিধান অনুসরণ করা হচ্ছে। |

| | | | |
|---|---|---|---|
| | | (গ) পূর্বাচল, কক্সবাজার এবং মানিকগঞ্জ স্টেডিয়াম ৩টি নির্মাণে কি ধরণের ডিজাইন হবে, তা চূড়ান্ত অনুমোদন করার পূর্বে বিষয়টি স্থায়ী কমিটি বৈঠকে আলোচনার জন্য উপস্থাপন করা ; | (গ) পূর্বাচল, কক্সবাজার এবং মানিকগঞ্জ স্টেডিয়াম ৩টি নির্মাণের পূর্বে ডিজাইন তৈরী করে চূড়ান্ত অনুমোদন করার পূর্বে বিষয়টি স্থায়ী কমিটি বৈঠকে আলোচনার জন্য উপস্থাপন করা হবে। |
| | | (ঘ) মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অনুষ্ঠানগুলোতে অবশ্যই স্থায়ী কমিটির মাননীয় সদস্যগণকে আমন্ত্রণ জানানোর বিষয়টি মন্ত্রণালয় কর্তৃক নিশ্চিত করা ; | (ঘ) আমন্ত্রণ জানানোর বিষয়টি নিশ্চিত করা হয়েছে। |
| | | (ঙ) "কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ প্রকল্প" আধুনিক, কার্যকর, গতিশীল ও প্রসঙ্গিক করার লক্ষ্যে এ বিষয়ে যুব উন্নয়ন অধিদপ্তরে একটি কর্মশালার আয়োজন করা ; | ঙ) গত ০৩/০৫/২০১৭ তারিখে প্রকল্পের দিক-নির্দেশনামূলক কর্মশালা সম্পন্ন করা হয়েছে। |
| | | চ) ''কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ প্রকল্পে''র অধীনে হবিগঞ্জ-বাহুবল এলাকায় ড্রাইভিং, ট্যুরিজম ও মহিলাদের বিউটি ফিকেশন-এর উপর প্রশিক্ষণের বিষয়টি অন্তর্ভুক্ত করে বাস্তবায়ন করা; | চ) ''কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ'' প্রকল্পের ডিপিপিতে ড্রাইভিং ও ট্যুরিজম বিষয়ে প্রশিক্ষণ ট্রেড না থাকায় এ বিষয়গুলো অন্তর্ভূক্ত করা যাচ্ছে না। তবে মহিলাদের জন্য বিউটিফিকেশন প্রশিক্ষণের অনুমোদন রয়েছে। হবিগঞ্জ জেলার বাহুবল উপজেলায় এ প্রশিক্ষণটি পরিচালনা করা যেতে পারে। যানবাহন চালনা ও মেরামত প্রশিক্ষণ কার্যক্রমের জন্য একটি প্রকল্প অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন আছে। |
| | | (ছ) বন্যা দূর্গত এলাকায় যুবক ও যুব মহিলাদের আর্থিক ঋণ সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট এলাকার কর্মসংস্থান ব্যাংকসহ বিভিন্ন ব্যাংকগুলোকে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হতে পত্র প্রদানের ব্যবস্থা করা ; | (ছ) পত্র প্রেরণ করা হয়েছে। |
| | | (জ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক রোলার স্কেটিং ফেডারেশনের বাজেট বরাদ্দ বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। | (জ) দেশব্যাপী ক্রীড়া সংস্থা সমূহের মঞ্জুরীখাতে সরকার কর্তৃক বরাদ্দ বৃদ্ধি করা সাপেক্ষে অন্যান্য ফেডারেশনের ন্যায় রোলার স্কেটিং ফেডারেশনের বাজেট বরাদ্দ বৃদ্ধি সক্রিয় বিবেচনাধীন রয়েছে। |
| | | (ঝ) নওগাঁ জেলা স্টেডিয়াম নির্মাণ কাজের বিষয়ে সরজমিনে তদন্ত করে আগামী বৈঠকে পূর্ণাঙ্গ তথ্যাদিসহ উপস্থাপন করা; | (ঝ) নওগাঁ জেলা স্টেডিয়াম নির্মাণ কাজের বিষয়ে সরজমিনে তদন্ত করে স্থায়ী কমিটির বৈঠকে পূর্ণাঙ্গ তথ্যাদিসহ উপস্থাপন করা হয়েছে। |
| | | (ঞ) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত উপজেলার মধ্যে কোন কোন উপজেলায় মিনি স্টেডিয়াম নির্মাণের জন্য নোটিফিকেশন অব এওয়ার্ড দেয়া হয়েছে এবং কোন কোন উপজেলায় মিনি স্টেডিয়াম নির্মাণ কাজ চলমান রয়েছে তার একটি তালিকা পরবর্তী বৈঠকে উপস্থাপন করা; | (ঞ) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত উপজেলার মধ্যে যে সকল উপজেলায় মিনি স্টেডিয়ামে নির্মাণের জন্য NOA প্রদান করা হয়েছে এবং যে সকল স্টেডিয়ামের নির্মাণ কাজ চলমান রয়েছে তার তালিকা ইতোমধ্যে প্রদান করা হয়েছে। |
| | | (ট) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত উপজেলা মিনি স্টেডিয়াম নির্মাণ সংক্রান্ত কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদারি | (ট) গঠিত সাব-কমিটি কর্তৃক প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কাজ চলমান রয়েছে। |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>
প্রতিষ্ঠান কার্যাদেশ মোতাবেক স্টেডিয়ামগুলোর নির্মাণ কাজ যথাযথভাবে সম্পাদন করছে কি না এবং প্রকল্প কাজের অগ্রগতি সম্পর্কে সরজমিনে পরিদর্শন করে স্থায়ী কমিটিতে রিপোর্ট প্রাদানের জন্য নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে ৩ (তিন) সদস্য বিশিষ্ট সাব-কমিটি গঠন করা হয়ঃ
<table>
<tr><th>ক্রঃনং</th><th>মাননীয় সদস্যদের নাম</th><th>নির্বাচনী এলাকা</th></tr>
<tr><td>(১)</td><td>জনাব গোলাম ফারুক খন্দঃ প্রিন্স, এম.পি</td><td>৭২ পাবনা-৫</td></tr>
<tr><td>(২)</td><td>জনাব নাহিম রাজ্জাক, এম.পি</td><td>২২৩ শরীয়তপুর-৩</td></tr>
<tr><td>(৩)</td><td>বেগম আমাতুল কিবরিয়া কেয়া চৌঃ,এম.পি</td><td>৩২৮ মহিলা আসন-২৮</td></tr>
</table>
সাব-কমিটির কার্যপরিধি ঃ<br><br>
(১) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত সারা দেশে ৪৯০টি উপজেলায় নির্মিতব্য মিনি স্টেডিয়াম নির্মাণের নিমিত্ত কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদারি প্রতিষ্ঠান যথাযথভাবে নির্মাণ কাজ সম্পাদন করছে কী না এবং এ প্রকল্পের কাজের অগ্রগতি সরজমিনে পরিদর্শন করা ও পরিদর্শন শেষে মূল কমিটির নিকট রিপোর্ট পেশ করা ;<br><br>
(২) সাব-কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট উপজেলার মাননীয় সংসদ সদস্যকে সাথে নিয়ে মিনি স্টেডিয়াম নির্মাণ কাজ পরিদর্শন করবে ;<br><br>
(৩) সাব-কমিটি কর্তৃক পরিদর্শন সংক্রান্ত কাজ এবং পরিদর্শনকালে অনুষ্ঠিত সাব-কমিটির বৈঠকে জাতীয় সংসদ সচিবালয় সাচিবিক সহায়তা প্রদান করবে; এবং<br><br>
(৪) নির্মিতব্য মিনি স্টেডিয়াম পরিদর্শনকালে সাব-কমিটিকে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং জাতীয় ক্রীড়া পরিষদ সার্বিক সহযোগিতা প্রদান করবে।
</td>
<td></td>
</tr>
<tr>
<td>২৯ জুন ২০১৭</td>
<td>৩০তম বৈঠক</td>
<td>
(ক) পূর্বাচল, কক্সবাজার এবং মানিকগঞ্জ স্টেডিয়ামের ফিজিবিলিটি স্ট্যাডি, ডিপিপি ও আনুষংগিক কার্যক্রম অদ্য ২৯ জুন ২০১৭ তারিখে হতে আগামী ৪(চার) মাস সময়ের মধ্যে সম্পাদন করে স্থায়ী কমিটির বৈঠকে উপস্থাপন করা;<br><br>
(খ) যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত যুব ও যুব মহিলাগণ যাতে ‘কর্মসংস্থান ব্যাংক হতে ঋণ পেতে পারে তৎসম্পর্কে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হতে কর্মসংস্থান ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকে পত্র দেয়া ;<br><br>
(গ) পরবর্তী বৈঠকে কর্মসংস্থান ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালককে আমন্ত্রণ জানানোর ব্যবস্থা
</td>
<td>
(ক) পূর্বাচল TOR হয়েছে। PFS প্রক্রিয়াধীন। কক্সবাজার এবং মানিকগঞ্জ TOR প্রক্রিয়াধীন। স্টেডিয়ামের ফিজিবিলিটি স্ট্যাডি, ডিপিপি ও আনুষংগিক কার্যক্রম চলছে।<br><br>
(খ) ৩৪.০০.০০০০.০৪৩.০৯.১০৯.১৭-২৯৬, তারিখঃ ২৭ জুলাই ২০১৭ তারিখ মোতাবেক যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হতে কর্মসংস্থান ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকে পত্র দেয়া হয়েছে। তিনি যথারীতি সভায় যোগদান করেছেন।<br><br>
(গ) যথারীতি উপস্থিত ছিলেন।
</td>
</tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>
গ্রহণ করা ;
(ঘ) পরবর্তীতে মিনি স্টেডিয়াম নির্মাণের নিমিত্ত জমি অধিগ্রহণের বিষয়টি উল্লেখপূর্বক প্রাক্কলন তৈরী করা এবং জমি অধিগ্রহণের কাজ তরান্বিত করা;
(ঙ) মিনি স্টেডিয়ামের মাটি ভরাটের কাজগুলো মন্ত্রণালয় থেকে তদারকীর ব্যবস্থা করা;
(চ) পরবর্তীতে মিনি স্টেডিয়াম নির্মাণের প্রাক্কলনে মাঠগুলো খেলার উপযোগী করাসহ অন্যান্য কাজ সমাপ্ত করার বিষয়টি উল্লেখ করতে হবে;
(ছ) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত উপজেলা মিনি স্টেড়িয়াম নির্মাণ সংক্রান্ত কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদারি প্রতিষ্ঠান কার্যাদেশ মোতাবেক স্টেডিয়ামগুলোর নির্মাণ কাজ যথাযথভাবে সম্পাদন করছে কী না এবং প্রকল্প কাজের অগ্রগতি সম্পর্কে সরজমিনে পরিদর্শন করে স্থায়ী কমিটিতে রিপোর্ট প্রদানের জন্য নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে ৩(তিন) সদস্য বিশিষ্ট সাব-কমিটি পূরর্গন করা হয় ঃ
<table>
<tr><th>ক্রঃনং</th><th>মাননীয় সদস্যদের নাম</th><th>নির্বাচনী এলাকা</th></tr>
<tr><td>(১)</td><td>জনাব নাহিম রাজ্জাক, এম.পি</td><td>২২৩ শরীয়তপুর-৩ (আহবায়ক)</td></tr>
<tr><td>(২)</td><td>জনাব এ. এম. নাঈমুর রহমান, এম.পি</td><td>১৬৮ মানিকগঞ্জ-১ (সদস্য)</td></tr>
<tr><td>(৩)</td><td>বেগম আমাতুল কিবরিয়া কেয়া চৌঃ,এম.পি</td><td>৩২৮ মহিলা আসন-২৮ (সদস্য)</td></tr>
</table>
সাব-কমিটির কার্যপরিধি ঃ
(১) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত সারা দেশে ৪৯০টি উপজেলায় নির্মিতব্য মিনি স্টেডিয়াম নির্মাণের নিমিত্ত কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদারি প্রতিষ্ঠান যথাযথভাবে নির্মাণ কাজ সম্পাদন করছে কী না এবং এ প্রকল্পের কাজের অগ্রগতি সরজমিনে পরিদর্শন করা ও পরিদর্শন শেষে মূল কমিটির নিকট রিপোর্ট পেশ করা ;
(২) সাব-কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট উপজেলার মাননীয় সংসদ সদস্যকে সাথে নিয়ে মিনি স্টেডিয়াম নির্মাণ কাজ পরিদর্শন করবে ;
(৩) সাব-কমিটি কর্তৃক পরিদর্শন সংক্রান্ত কাজ এবং পরিদর্শনকালে অনুষ্ঠিত সাব-কমিটির বৈঠকে জাতীয় সংসদ সচিবালয় সাচিবিক সহায়তা প্রদান করবে; এবং
(৪) নির্মিতব্য মিনি স্টেডিয়াম পরিদর্শনকালে সাব-কমিটিকে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং জাতীয় ক্রীড়া পরিষদ সার্বিক সহযোগিতা প্রদান করবে।
</td>
<td>
(ঘ) পরবর্তীতে মিনি স্টেডিয়াম নির্মাণের নিমিত্ত জমি অধিগ্রহণের সংস্থান রাখা হবে।
(ঙ) মিনি স্টেডিয়ামের মাটি ভরাটের কাজগুলো মন্ত্রণালয় থেকে তদারকীর কাজ চলছে।
(চ)পরবর্তীতে মিনি স্টেডিয়াম নির্মাণের প্রাক্কলনে মাঠগুলো খেলার উপযোগী করাসহ অন্যান্য কাজ সমাপ্ত করার বিষয়টি প্রাক্কলণ সংযুক্ত রাখার পদক্ষেপ নেয়া হবে।
(ছ)
</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | | জ) কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ প্রকল্প সম্পর্কে যুব উন্নয়ন অধিদপ্তর হতে একটি পুণাঙ্গ প্রতিবেদন (সুপারিশ, মতামত এবং করণীয় ইত্যাদি উল্লেখপূর্বক) স্থায়ী কমিটির বৈঠকে উপস্থাপন করা; | জ) পূর্ণাঙ্গ প্রতিবেদন ০৩-০৫-২০১৭ তারিখে সভায় উপস্থাপন করা হয়েছে। |
| | | (ঝ) শ্যুটিং স্পোর্টস ফেডারেশনের বাজেট বরাদ্দ বৃদ্ধি করা এবং | (ঝ) বাজেট বরাদ অতিরিক্ত ০২ কোটি টাকা বৃদ্ধি করা হয়েছে। |
| | | (ঞ) গুলশান ক্রীড়া কমপ্লেক্স নির্মাণের লক্ষ্যে বরাদ্দ প্রাপ্ত জায়গা বুঝে দেয়ার জন্য বাংলাদেশ পাটকল কর্পোরেশনকে পত্র দেয়া হয়েছে। জায়গা প্রাপ্তির পর ফিজিবিলিটি স্ট্যাডি করে গৃহীত পদক্ষেপ সম্পর্কে স্থায়ী কমিটির বৈঠকে প্রতিবেদন উপস্থাপন করা হবে। | (ঞ) ১৬-০৭-২০১৭ তারিখ রিপোর্ট পেশ করা হয়েছে। |

২০/৮/১৭

মোঃ কামাল উদ্দিন বিশ্বাস
উপসচিব
ও
বিকল্প কাউন্সিল অফিসার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়